

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

স্মারক নং-৪৬. ০২০. ০০৪. ০৫. ০০. ০০১. ২০১৫-২৪২

তারিখঃ ২৩/০১/১৭

বিষয়ঃ ২০১০ সাল পর্যন্ত হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যাদি অনলাইনভুক্তকরণের জন্য সময় বৃদ্ধির আবেদন প্রসঙ্গে।


সূত্রঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের গত ২২-১২-২০১৬খ্রিঃ তারিখের ১০২ সংখ্যক স্মারক।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল মিসসিলিনিয়াস কেস নং-০৫৪৯৫/২০১৫নং মামলায় ১২-১১-২০১৫ তারিখের আদেশে সারাদেশে ২০১০ সাল পর্যন্ত হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনভুক্ত করে মহামান্য আদালতে রিপোর্ট দাখিল করার জন্য বলা হয়। এ প্রেক্ষিতে একটি রিপোর্ট দাখিল করা হয়। পরবর্তীতে বাকী কাজ সম্পন্ন করার জন্য ডিসেম্বর/২০১৬ সাল পর্যন্ত সময় বৃদ্ধির আবেদন করা হলে মহামান্য আদালত কর্তৃক তা গৃহীত হয় মর্মে বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে জানা যায়।

০২। বর্তমানে Birth Registration Information system (BRIS) Software এর পাসওয়ার্ডধারী ব্যবহারকারীর সংখ্যা ৯৭৭৪। উক্ত সফটওয়্যার একসাথে ২০০০ এবং সর্বোচ্চ ৩০০০ ব্যবহারকারীর উপযোগী করে Software টি তৈরী করা হলেও জন্ম তথ্য যাচাই, অনলাইনে আবেদন প্রক্রিয়াকরণ, বিভিন্ন তথ্য উপাত্তের জন্য সার্ভার বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাই সতর্কতার সংগে কাজ করা হচ্ছে। তবে সার্ভারের উন্নয়নের জন্য আইটি কোম্পানি নিয়োগের জন্য ইতোমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে। তাছাড়া ইতোমধ্যে প্রায় ১৫ কোটি হাতে লেখা এন্ট্রি অনলাইনভুক্ত হয়েছে। অপরদিকে ৩০-০৬-২০১৬ তারিখে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের মেয়াদ শেষ হলে সম্প্রতি রাজস্ব খাতে রেজিস্টার জেনারেলের কার্যালয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন নামে একটি দপ্তর প্রতিষ্ঠিত হয়। প্রকল্পের জনবলে চাকরির মেয়াদ সমাপ্তি ঘটায় এবং নতুন জনবল পদায়ন প্রক্রিয়াধীন থাকায় লোকবলের অভাবে ও Software এর সমস্যার কারণে ২০১০ সালের অবশিষ্ট সকল হাতে লেখা এন্ট্রি অনলাইনভুক্ত করা সম্ভব হয়নি। আশা করা যাচ্ছে আগামী ০৩ (তিন) মাসের মধ্যে Software এর উন্নয়ন কাজ সমাপ্ত হলে জুন/২০১৭ মাসের মধ্যে পুরাতন সকল হাতে লেখা এন্ট্রি অনলাইনভুক্ত করা সম্ভব হবে বিধায় সকল নিবন্ধক কার্যালয়ের পেন্ডিং (২০১০) সালের পূর্বের হাতে লেখা জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনভুক্ত করণের নিমিত্ত আগামী জুন, ২০১৭ পর্যন্ত সময় বৃদ্ধির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগ হতে আগামী জুন/২০১৭ পর্যন্ত সময় বৃদ্ধির লক্ষ্যে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগকে পত্র দেয়ার জন্য সূত্রোক্ত স্মারকে এ বিভাগের সচিব মহোদয়কে অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩। এমতাবস্থায়, বর্ণিত প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প এর প্রস্তাব মোতাবেক দেশের সকল নিবন্ধক কার্যালয়ের ২০১০ পর্যন্ত হাতে লেখা পেন্ডিং জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনভুক্ত করণের নিমিত্ত মাননীয় হাইকোর্ট বিভাগ হতে আগামী জুন/২০১৭ পর্যন্ত সময় বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

  
(মোঃ শাহান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
৯৫৪০৯৫

জনাব শফিক মাহমুদ (পুস্প)  
বেসরকারি প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০;
- ০৩। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।